ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১২৯৫

তেলিয়ামুড়া,২১ সেপ্টেম্বর,২০২৪

**স্বচ্ছতা হি সেবা কর্মসূচি : তেলিয়ামুড়ায় পথনাটক**

স্বচ্ছতা হি সেবা কর্মসূচির অঙ্গ হিসেবে তেলিয়ামুড়া পুরপরিষদের উদ্যোগে ১৪ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর পর্যন্ত বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। কর্মসূচির মধ্যে রয়েছে ওয়ার্ড সভা, সাফাই অভিযান, ওয়াল পেইন্টিং, বসে আঁকো প্রতিযোগিতা, ম্যারাথন, মানববন্ধন, স্বাস্থ্য শিবির, প্রভাতফেরি, ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি। এই সমস্ত কর্মসূচির অঙ্গ হিসেবে ২০ সেপ্টেম্বর তেলিয়ামুড়া ফলবাজার প্রাঙ্গণে স্বচ্ছতা বিষয়ক সচেতনতামূলক এক পথনাটক প্রদর্শিত হয়। অনুষ্ঠানে তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায় উপস্থিত থেকে স্বচ্ছতা হি সেবা কর্মসূচির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। তেলিয়ামুড়া পুরপরিষদ এলাকার সমস্ত নাগরিক ও ব্যবসায়ীদের কাছে এলাকাকে স্বচ্ছ ও নির্মল রাখার জন্য তারা অনুরোধ করেন। অনুষ্ঠানে অতিথিগণ স্বচ্ছ ভারত মিশনের বিভিন্ন উল্লেখযোগ্য সাফল্য নিয়ে আলোচনা করেন।

*****